গাংনীর পৌর পশু জবাই খানার উদ্বোধন

গাংনী পৌর পশু জবাই খানার উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে গাংনী কাঁচা বাজার এলাকায় পৌর পশু জবাই খানার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী ৬ নং ওয়ার্ড কাউন্সিলর প্যানেল মেয়র নবীর উদ্দীন, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর বদরুল আলম বুদু, পৌরসভার সচিব শামীম রেজা ও সাংবাদিক মাজেদুল হক মানিকসহ বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেলা পরিষদ চেয়ারম্যানের জামিন

জাতীয় পরিচয়পত্র জালিয়াতির মামলায় কুষ্টিয়া জেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি হাজী রবিউল ইসলামকে ৮ সপ্তাহের আগাম জামিন দিয়েছেন হাইকোর্ট।

বিচারপতি এম. ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. মোস্তাফিজুর রহমানের হাইকোর্ট বেঞ্চ রবিবার এ আদেশ দেন। জামিন আবেদনকারীপক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট খুরশীদ আলম খান।

জাতীয় পরিচয়পত্র জালিয়াতির অভিযোগে গত ৭ সেপ্টেম্বর কুষ্টিয়া মডেল থানায় মামলা করা হয়। এ মামলার আসামি মহিবুল ইসলামকে গ্রেপ্তারের পর তিনি আদালতে স্বীকারেক্তিমূলক জবানবন্দী দিয়েছেন।

তার দেওয়া জবানবন্দীতে হাজী রবিউল ইসলামের নাম উঠে আসে। যে জমি কেনাবেঁচায় জাতীয় পরিচয়পত্র জালিয়াতির ঘটনা ঘটেছে সেই জমি

বিক্রির পর হাজী রবিউল ইসলামকে ৩০ লাখ টাকা দেওয়ার কথা ছিল বলে জবানবন্দীতে জানান মহিবুল ইসলাম।

তবে জাতীয় পরিচয়পত্র জালিয়াতির সঙ্গে জড়িত ছিলেন কিনা সেবিষয়ে কোনো কথা বলেননি মহিবুল ইসলাম। তারপরও পুলিশী হয়রানি বা গ্রেপ্তার এড়াতে হাইকোর্টে হাজির হয়ে আগাম জামিনের আবেদন করেন জেলা পরিষদ চেয়ারম্যান।

সংসারের খরচ জোগাতে ইব্রাহিমের হরেকরকম ফুলের চা

ভাগ্যবদলের আশায় এসএসসি পরীক্ষার পর চাকরির সন্ধানে ঢাকা চলে যান ইব্রাহিম নদী (২১)। তখন গার্মন্টসে একটা চাকরিও জুটিয়ে ছিলেন। কিন্তু মহামারী করোনা শেষ করে দিয়েছে কৃষক পরিবারের সন্তান ইব্রাহিমের সেই স্বপ্ন। এখন তিনি কুষ্টিয়া-মেহেরপুর সড়কের পাশে একটি দোকানে হরেকরকম ফুল দিয়ে চা তৈরি করেন। চা বিক্রির এই আয় দিয়েই চলছে তার সংসার।

কুষ্টিয়ার মিরপুর পৌরসভার ৪নং ওয়ার্ডের কৃষক আমিরুল ইসলামের ছেলে ইব্রাহিম নদী। তিন ভাইবোনের মধ্যে ইব্রাহিম সবার বড়। ২০১৭ সালে এসএসসি পরীক্ষার পর সংসারের সচ্ছলতার জন্য চলে যান ঢাকায়।

এরপর নারায়ণগঞ্জে এসোটেক্স নিট গার্মেন্টস নামে একটি প্রতিষ্ঠানে হেলপার হিসেবে কর্ম শুরু করেন। সবশেষ সেখানে তিনি ইনচার্জের দায়িত্ব পালন করতেন। বেতন যা পেতেন তা দিয়ে ভালোই চলছিল ইব্রাহিমের সংসার। কিন্তু করোনার কারণে বন্ধ হয়ে যায় তার গার্মেন্টস। স্বপ্নে ভাটা পড়ে ইব্রাহিমের।

ইব্রাহিম নদী বলেন, এসএসসি পর্যন্ত পড়ালেখা করার পর আর্থিক দুরবস্থার কারণে জীবিকার সন্ধানে ঢাকায় চলে যাই। দীর্ঘ তিন বছর নারায়ণগঞ্জের একটি গার্মেন্টসে চাকরি করতাম। কিন্তু মহামারী করোনার কারণে গার্মেন্টস কারখানা বন্ধ হয়ে যায়। তখন বাড়ি ফিরে আসতে বাধ্য হই। এরপর প্রায় দুই মাস বেকার বসেছিলাম। এ সময় কারও

কাছ থেকে কোনো সাহায্য সহযোগিতা পাইনি।

তিনি আরও বলেন, কিছু না পেয়ে পরে স্বল্পপুঁজিতে ব্যবসা করার সিদ্ধান্ত নেই। তেমন সামর্থ্য না থাকায় স্থানীয় মিরপুর জিয়াসড়কের পাশে একটি দোকান ভাড়া নিয়ে সেখানে চায়ের দোকান দিয়েছি। এখানে সারাদিন চা বিক্রি করে তিন থেকে চারশ’ টাকা আয় হয়। এ দিয়ে কোনোমতে সংসার চলছে।

ইব্রাহিম জানান, আমার দোকানে বিভিন্ন ফুল দিয়ে চা তৈরি করা হয়। এসব ফুলের মধ্য রয়েছে অপরাজিতা, জবা প্রভৃতি। এছাড়াও মরিচ ও তেঁতুল দিয়ে তৈরি চায়েরও জনপ্রিয়তা বাড়ছে।

তিনি আরও জানান, আমার বাবা একজন কৃষক। তার নিজের কোনো জমি নেই। অন্যের জমি বর্গা নিয়ে টুকটাক চাষাবাদ করেন। এ দিয়ে কোনো মতে সংসার খরচ চললেও ছোট ভাইবোনদের পড়ালেখার খরচ চলে না। তাই সংসাদের খরচ জোগাতে অবশেষে চা বিক্রি শুরু করেছি।

আইন শৃংখলা অবনতির আশংকায় মেলেনি পুলিশি অনুমতি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র অভ্যন্তরীণ কোন্দল থাকায় বিবাদমান দুটি গ্রুপের একই দিনে পাল্টপাল্টি কর্মসূচিতে আইন শৃংখলা অবনতির আশংকায় মেলেনি পুলিশি অনুমতি।

রবিবার বিকালে দুটি গ্রুপের পাল্টপাল্টি কর্মসূচির ঘোষণা দেয়ায় উভয় পক্ষের মধ্যে দেখা দেয় উত্তেজনা। এ দিকে আইন শৃংখলা বিঘ্ন ঘটার আশংকায় রবিবার শহরে পুলিশি নজর দারী জোরদার করেছে স্থানীয় থানা পুলিশ। সেই সাথে থানা পুলিশ উভয় পক্ষকে একই দিনে অনুষ্ঠান করা থেকে বিরত থাকার পরামর্শ দিলে পরবর্তীতে দুটি গ্রুপই স্ব-স্ব প্রেস বিজ্ঞপ্তির মাধ্যেমে তাদের কর্মসূচি স্থগিত করেছেন।

জানা যায়, সম্প্রতি কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র কমিটি ভেঙ্গে দেয় জেলা বিএনপি। পরবর্তীতে সাবেক উপজেলা বিএনপি’র সাধারণ

নাঈমের মাল্টা এখন বাজারে বাজারে

আলমডাঙ্গা উপজেলার প্রত্যন্ত চরপাড়া গ্রামে মাল্টা, পেয়ারা ও লেবুর আবাদ করে আত্মনির্ভরশীল হয়ে ওঠার এক অকল্পনীয় গল্প তৈরি করেছেন স্কুল শিক্ষক নাঈম হাসান। নাঈম হাসানের তৈরি এই বাস্তব গল্পের মাল্টা বাগানে গাছভর্তি এখন টাকা আর টাকা। ঝুলছে মাল্টা গাছে টাকা, পেয়ারা গাছে টাকা ও টাকা ঝুলছে লেবু গাছের ডালে ডালে। তিন বছর অক্লান্ত পরিশ্রম করে তিনি মাল্টার এই স্বপ্নের বাগান গড়ে তুলেছেন। এখন মণ মণ বিক্রি হচ্ছে মাল্টা, পেয়ারা ও লেবু।

রবিবার সরেজমিন উপজেলার একমাত্র মাল্টার বাগান দেখতে যান এই প্রতিবেদক। জামজামী ইউনিয়নের প্রান্তিক গ্রাম চরপাড়ার মাঠে গড়ে তোলা হয়েছে বিশালাকৃতির বাগান। বাগানটিকে চারদিক থেকে দেখভাল করছে চার থেকে পাঁচজন নিয়মিত শ্রমিক। বাগানের গাছে গাছে ঝুমঝুম করছে অগুনতি সবুজ মাল্টা ফল। খেতে সুমিষ্ট মাল্টার পাইকারী বাজার দর এখন কেজি প্রতি ১০০ টাকা। প্রতিদিন বাগান থেকে মনকে মাল্টা উঠানো হচ্ছে। স্থানীয় বাহনে তা চলে যাচ্ছে বাজারের খুচরা বিক্রেতাদের দোকানে।

বাগানের উদ্যেক্তা নাঈম হাসান জানান, তিনি একজন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তিনি এমনিতেই আর্থিকভাবে স্বাবলম্বী। প্রথমে কিছু দরিদ্র মানুষকে উপকার করতে মাল্টা, পেয়ারা ও লেবুর বাগান করার উদ্যেগ নেন তিনি। তিনি বলেন, এই বাগানকে ঘিরে চার-পাঁচটি পরিবার আর্থিকভাবে স্বচ্ছলতা পেয়েছে। স্বচ্ছলতার সাথে তাদের সংসার চলছে। পাশাপাশি তিনি নিজেও এখন আরও স্বাবলম্বি হতে পেরেছেন।

নাঈম হাসান জানান, যুবকরা এ ধরনের উদ্যেগ নিয়ে সহজেই স্বাবলম্বী হতে পারেন। শুধু মাল্টার বাগান না, ছোট ছোট বিভিন্ন খামার করেও যুবকরা স্বাবলম্বী হতে পারেন। এখন অনেকেই গরুর খামার, হাস-মুরগীর খামার, মাছের খামার করে স্বাবলম্বী হচ্ছেন।

তিনি জানান, চাকরির পেছনে ঘুরে সময় নষ্ট করে না করেতে। একটু বুদ্ধি করে পরিশ্রম করলেই আর্থিকভাবে স্বাবলম্বী হওয়া যায়।

মেহেরপুরে রাস্তার পাশে অবৈধভাবে ঘর নির্মাণ কাজ বন্ধ করলো পৌর মেয়র

মেহেরপুর সদর টিবি ক্লিনিকের সামনে অবৈধভাবে সরকারি জমি দখল করে ঘর নির্মাণ কাজ বন্ধ করে দিয়েছে পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন।

রবিবার দুপুরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন ঘটনাস্থলে গিয়ে এ কাজ বন্ধ করে পৌরসভায় দেখা করার নির্দেশ দেন।

এসময় তিনি বলেন স্যানিটারি ল্যান্ডফিল ও পয়ঃবর্জ্য পরিশোধনাগারে বৃক্ষরোপণ কর্মসূচি পালন শেষ করে পৌর সভার দিকে যখন রহনা দিয় তখন চোখে পড়ে মেহেরপুর টিবি ক্লিনিকের সামনে প্রধান সড়কের পাশেই, বেড়া নয়, টিন নয়, একে বারে ইটের গাথনি দিয়ে গড়ে তুলছে ঘর।

বিষয়টি উপস্থিত মিস্ত্রিদের কে বলে আসা হয় ঘর মালিক যেনো পৌর সভায় বিষয় টি নিয়ে কথা বলে আসে, আর বলা হয় যদি আর একটাও ইটের গাথনী গাথা হয় তবে দশ লক্ষ টা জরিমান করা হবে।

চুয়াডাঙ্গার কুলপালাই দুস্থদের মাঝে সাহায্য প্রদান

চুয়াডাঙ্গা জেলার কুলপালা গ্রামে “পোর পিপল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন” নামের একটি সেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে দ্বিতীয়বারের মতো একটি গরীব অসহায় পরিবারকে ছাগল প্রদান করেন।

গতকাল রবিবার বিকাল ৫ ঘটিকার সময় অনুষ্ঠানটির আয়োজন করা হয়।

সংস্থাটির সভাপতি রাজীব হাসান বলেন, আমরা দেশের করোনা কালীন পরিস্থিতিতে বিভিন্ন কর্মসূচি পরিচালনা করে আসছি। তারি ধারাবাহিকতায় আজকে একটি গরীব অসহায় পরিবারকে একটি ছাগল প্রদান করা হলো।

তিনি আরো বলেন, সংস্থাটির ফাউন্ডার রাসেল হাসান,বিপুল হোসেন,ফরাদ হোসেন প্রমুখ নিজেদের ব্যক্তিগত উদ্যোগে পরিচালনা করছেন এবং সংস্থাটিকে সামনের দিকে আরো অগ্রসর করার লক্ষ্যে চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে মোঃ রাজিব হাসানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক তানভীর হাসান, সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম, ক্যাশিয়ার রনি, দপ্তর সম্পাদক নয়ন, প্রচার সম্পাদক পারিকুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরের সেচ্ছায় রক্তদান ক্লাবের গ্রুপিং ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুর পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড কালাচাঁদপুর গ্রামের একটি সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন সে¦চ্ছায় রক্তদান ক্লাবের উদ্যেগে ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্প অনুষ্ঠিত হয়।

রবিবার বিকালে মেহেরপুরের কালাচাঁদপুর বাজারে মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মাসুদ রানা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানটি পরিচালিত হয়।

রক্ত দিলে হয় না ক্ষতি, জাগ্রত মানবিক অনুভূতি এই স্লোগানকে সামনে রেখে সংগঠনটি গ্রামের সকল শ্রেণীর মানুষের ফ্রী ব্লাড গ্রুপ টেস্টিং এর আয়োজন করেন। এছাড়াও গ্রামের কোন মানুষের রক্তের প্রয়োজন হলে স্বার্থ ছাড়াই পাশে দাঁড়ায় সংগঠনটি।

ব্লাড টেস্টে সহযোগিতা করেন, মেহেরপুর ডায়াবেটিস হাসপাতাল ল্যাব

ইনচার্জ সামিউল ইসলাম এবং ডা: রমেশ ক্লিনিক সিনিয়র মেডিক্যাল টেকনোলজিস্ট আমিনুল ইসলাম।
এছাড়া উপস্থিত ছিলেন, স্বেচ্ছায় রক্তদান ক্লাবের সভাপতি রাসেল ও সাধারণ সম্পাদক রাব্বি সহ আলফাজ হোসেন, নাসিম আহামিফ, নাজমুল হক, আশিক, মাবুদ, সোহেল রানা প্রমুখ ।

যৌতুকের একলাখ টাকা না দিলে তালাক

প্রথম স্ত্রী সন্তানের তথ্য গোপন রেখে কলেজ পড়ুয়া এক ছাত্রীর সাথে দ্বিতীয় বিয়ে করে সুমন নামে মেহেরপুর কৃষি ব্যাংকের এক গার্ড ।

এক লিখিত অভিযোগে জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের কাওছার আলীর ছেলে সুমন রেজা মেহেরপুর কৃষি ব্যাংক শাখায় গার্ড পদে কর্মরত আছে। সে বছর পাঁচেক আগে সদর উপজেলার পিরোজপুর গ্রামের ফজলুর রহমানের মেয়ে মিলা খাতুনের সাথে প্রথম বিয়ে করে, তাদের তিন বছরের এক পুত্র সন্তান আছে। তাকে নির্যাতনের মাধ্যমে দেনমোহর ছাড়াই তালাক দেয়।

এরপর মুজিবনগর উপজেলার অনার্স পড়ুয়া এক ছাত্রীর সাথে সম্পর্কের মাধ্যমে। উভয়ের মতামতে পারিবারিকভাবে সুমন তার প্রথম স্ত্রী সন্তান এর তথ্য গোপন করে ব্যাংকের ফিল্ড অফিসার পরিচয় দিয়ে কলেজ ছাত্রীর সাথে সুমন দ্বিতীয় বিয়ে করে। বিয়ের দুই মাস পেরুতে না পেরুতেই স্বামী সুমন ও শাশুড়ী সোনাভানু কর্তৃক যৌতুক এর দাবী করে স্ত্রীকে নির্যাতন করতে থাকে, গৃহবধূ শিরিনা বাবার কাছ থেকে যৌতুক হিসেবে একলাখ টাকা প্রদান করে। টাকা আদায় সম্পন্ন হলে স্বামী সুমন স্ত্রীকে মউক অফিসে চাকরিতে ঢুকিয়ে দেয়।

প্রতিমাসে বেতনের দশ হাজার টাকা বাড়িতে নেওয়ার সাথে সাথে তার স্বামী সুমন বেতনের টাকা কেড়ে নেয়। এতে স্বামী সুমনের টাকার নেশা মেটেনা, কিছুদিন পর আবার আরো একলাখ টাকা আনতে বলে স্ত্রীকে, শাশুড়ী ও স্বামী সুমন টাকা আনতে না চাইলে তাকে মানসিক ও শারিরীক

ভাবে নির্যাতন চালিয়ে যায়।

এক পর্যায়ে মাস ছয়েক আগে গৃহবধূ স্বামী ও শাশুড়ীর অত্যাচার সহ্য করতে না পেরে তার বাবার বাড়ি চলে আসে, স্বামী সুমন সেখানে মাঝে মাঝে যাতায়াত করে তাকে বাবার থেকে আবার যৌতুক না চাওয়ার ও কোন ধরণের নির্যাতন না করার অঙ্গিকার করে স্ত্রীকে তার বাড়ি নিয়ে আসে। মাস পেরুতে না পেরুতেই আবার তাকে সবধরণের নির্যাতনের মাত্রা বাড়িয়ে দেয়। সম্প্রতি সে নির্যাতন সহ্য করতে না পেরে তার বাবার বাড়ি চলে আসে।

সুমন তাকে দিতে থাকে নানান ধরণের হুমকি, তাই এই গৃহবধূ স্থানীয় মানবাধিকার সংগঠন এর মানবাধিকার ও সালিশ ইউনিটে লিখিত অভিযোগ করে আইনগত সহায়তা কামনা করেছেন। যার অভিযোগ নং ৩৮১/২০।

মানব উন্নয়ন কেন্দ্র মউক সংস্থার নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম জানান, এ বিষয়ে আমরা উক্ত গৃহবধূ ও তার পিতা মাতার কাছ থেকে একটি লিখিত অভিযোগ পেয়েছি এবং ঘটনার প্রাথমিক তথ্যানুসন্ধানে সত্যতা থাকায় আমরা ভিকটিমকে সব ধরণের আইনী সহায়তা প্রদানে বিবাদী স্বামী সুমন ও শাশুড়ীকে সামাজিক ভাবে বা স্থানীয় সালিশ বিভাগের মাধ্যমে নিষ্পত্তির লক্ষে নোটিশ প্রদান করলে স্বামী সুমন সালিশ বিভাগে উপস্থিত না হয়ে স্ত্রীকে বিভিন্ন হুমকি সহ খুন, গুম বা অর্থ চুরির মামলার ভয় দেখাচ্ছে বলে জানা গেছে।

অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতের দাবি জনসাধারণের

আজ ২৮ সেপ্টেম্বর ‘আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস’। ২০০২ সাল থেকে ‘আন্তর্জাতিক জানা অধিকার দিবস’ পালন করা হলেও মূলত ২০১৫ সালের নভেম্বর মাসে ইউনেস্কো এ দিবসের স্বীকৃতি দেয়। ২০১৬ সালের ২৮ সেপ্টেম্বর থেকে প্রতিবছর ‘আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস’ পালন হয়ে আসছে।

তথ্য অধিকার নিশ্চিত করতে ২০০৯ সালে দেশে ‘তথ্য অধিকার আইন -

বাসস এর মেহেরপুর জেলা প্রতিনিধি দিলরুবা বলেন, রাষ্ট্রের মালিক জনগণ হলে, তথ্যের অবাধ মালিকানাও তাহলে জনগণের। তথ্য যাবে কৃষক শ্রমীক জনতার হাতে, তবেই রাষ্ট্রের মালিক যে জনগণ সত্যিকার অর্থে সমাজে তখন এ বোধ তৈরি হবে। সুশাসনের জন এ এক অপরিহার্য শর্ত। কৃষকের উন্নত বীজ বা সারের তথ্য জানা অধিকার আছে, গ্রেপ্তার করতে হলে আসামির গ্রেপ্তারের কারণ জানার অধিকার, একই ভাবে নির্যাতিত নারীর আইনি সহায়তা পাওয়ার তথ্য, সবাই কিন্তু তথ্য অধিকারের অন্তর্ভুক্ত। তথ্য অধিকার নিশ্চিত করা গেলে অসম ও অমানবিক ক্ষমতা বিন্যাসকেও অনেকখানি বদলে ফেলা সম্ভব। একজন সংবাদ কর্মীর তথ্য পেতে বিলম্ব হলে তথ্য সরবরাহে সংশ্লিষ্ট দফতরের বিলম্বিত কারনে খবরের গুরুত্ব কমে যায়। প্রতিটি অফিস আদালতসহ সকল দফতরের তথ্য আপডেট থাকা উচিত।

প্রথম আলো’র মেহেরপুর জেলা প্রতিনিধি আবু সাঈদ বলেন, একটি গণতান্ত্রিক রাষ্ট্রে ও গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করতে হবে। আমরা অনেক সময় কোন তথ্য চাইতে গেলে নানা রকম সমস্যায় পড়ি। আবেদন করে তথ্য নিতে গেলে সময়মত পাইনা। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসে সরকারের কাছে আমার প্রত্যাশা থাকবে অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করা।

গাংনী প্রেস কø◌াবের সাধারণ সম্পাদক ও মাই টিভির জেলা প্রতিনিধি মাহাবুব আলম বলেন, বাংলাদেশে তথ্য অধিকার আইন ২০০৯ এর যথাযথ বাস্তবায়ন হয়নি। সাধারণ জনগণ থেকে শুরু করে গণমাধ্যমের কর্মিরা তথ্য নিতে গিয়ে অনেক হয়রানির স্বিকার হয়। এক সময় তথ্য অধিকার আইন নিয়ে সরকারি ভাবে ক্যাম্পেইন করা হতো। কিন্তু এখন আর এ বিষয়ে তেমন কোন উদ্যোগ দেখা যায় না। সরকারি ভাবে তৃনমূল পর্যায়ে তথ্য অধিকার আইন সম্পর্কে সচেতনতা কার্যক্রম করতে হবে। সেই সাথে সাংবাদিকদের অবাদ তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। তাহলে দেশের অনিয়ম দুর্নীতি অনেকাংশে কমে যাবে।

এ বিষয়ে জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম বলেন, তথ্য অধিকারের কথা বলা হলেও সেটা এখনো বস্তবায়ন হয়নি। “তথ্য অধিকার আইন ২০০৯” কাগজে কলমেই সীমাবদ্ধ আছে।

মেহেরপুর জেলা তথ্য কর্মকর্তা আব্দুল আল মামুন বলেন, আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে জুম কনফারেন্সর আয়োজন করা হয়েছে। সেই সাথে সারাদিন ত্যথ অফিসের গাড়িকে সুসজ্জিত করে জনসচেতনতা মূলক প্রচার করা হবে।